গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৩৯.১৯.১৭৬

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬
০৯ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: **রিট পিটিশন নং-৬৮৮১/২০১৯ মামলা বিষয়ে আর্জির আলোকে মতামত প্রেরণ।**

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২১.০৭.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: জাহিদুল ইসলাম, পিতা: মো: শামসুল হক, গ্রাম: মান্দের বাড়িয়া, থানা: কালিগঞ্জ, জেলা: ঝিনাইদহসহ ৪৫ (পঁয়তাল্লিশ) জন আবেদনকারী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৬৮৮১/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. দায়েরকৃত মামলাটির রুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারী গং কর্তৃক 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর পরিশিষ্ট 'ঘ'তে উল্লিখিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এর শিক্ষক কর্মচারীদের জন্য নিয়োগ-যোগ্যতা অভিজ্ঞতা ও বেতনস্কেল সংক্রান্ত 'ক' এর ২৪ এবং 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর পরিশিষ্ট 'ঘ'তে উল্লিখিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) এর শিক্ষক কর্মচারীদের জন্য নিয়োগ-যোগ্যতা অভিজ্ঞতা ও বেতনস্কেল সংক্রান্ত 'মাদ্রাসা' এর ২৯ নং বিধানকে চ্যালেঞ্জ করে রিট পিটিশন নং-৬৮৮১/২০১৯ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. আবেদনকারী গং সহকারী শিক্ষক (কম্পিউটার/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র স্মারক নং-শিম/শা-১৩/এমপিও নীতিমালা সংশোধন/২০১২/৮৭, তারিখ: ২৪.০৩.২০১৩ খ্রি: মোতাবেক আবেদনকারীদের নিয়েগের জন্য শিক্ষাগত যোগ্যতা ছিল নিম্নরূপ:

পদের নাম: সহকারি শিক্ষক (কম্পিউটার)

নিয়েগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম): কম্পিউটার বিজ্ঞানে/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি/সমমান। অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান। অথবা স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ৬ (ছয়) মাসের প্রশিক্ষণ।

অপরদিকে 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর পরিশিষ্ট 'ঘ'তে উল্লিখিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান(মাদ্রাসা) এর শিক্ষক কর্মচারীদের জন্য নিয়োগ-যোগ্যতা অভিজ্ঞতা ও বেতনস্কেল সংক্রান্ত 'মাদ্রাসা' এর বিধান ২৯-এ আবেদনকারীদের নিয়েগের জন্য শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:

পদের নাম: সহকারি শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি)।

নিয়েগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম): কম্পিউটার বিজ্ঞানে/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি/সমমান। অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা-ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি/সমমান।

সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/সমমান গ্রহণযোগ্য হবে।

০৪. সহকারি শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার পরিবর্তন হওয়ায় সংক্ষুব্ধ হয়ে এবং উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করার দাবী করে মামলাটি দায়ের করা হয়েছে।

০৫. মামলাটি বাংলাদেশ সরকারের একটি জনগুরুত্বপূর্ণ বিষয় সংক্রান্তে। সে কারণে মামলাটি বিষয়ে সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) আদালতে দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

০৬. মামলাটিতে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ২ নং রেসপনডেন্টসহ মোট ১২ জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৭. "বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮" টিএমইডি এর মাদ্রাসা শাখা থেকে জারী করা হয়েছে। মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষে মহামান্য আদালতে যথাযথ প্রমাণকসহ জবাব (*Affidavit in opposition*) দাখিল হওয়া প্রয়োজন।সেকারণে কোন প্রেক্ষিতে এবং কী কী বিষয় বিবেচনায় নিয়ে সহকারি শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) পদে নিয়োগের ক্ষেত্রে পরিবর্তন আনা হয়েছে সে সম্পর্কে অর্জির আলোকে মতামত প্রয়োজন।

০৮. এমতাবস্থায় উপরিউক্ত বিষয়টি বিবেচনা করে রিট পিটিশন নং-৬৮৮১/২০১৯ মামলায় সরকার পক্ষে যথাযথ জবাব (*Affidavit in opposition*) দাখিলের নিমিত্ত আগামী ৩০.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে চাহিতমতে আর্জির আলোকে টিএমইডিতে মতামত প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৯-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

অতিরিক্ত সচিব (মাদ্রাসা উইং)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.০১.১৩৯.১৯.১৭৬/১(৭)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৬
০৯ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪) সিসটেম এ্যানলিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন)মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

৯-৯-২০১৯
ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)